৮/৭/২০০০

যুগান্তর

তারিখ ... ... ... ... ... ... ...
পৃষ্ঠা ১৬ ... কলাম ... ৫

# সরকারি প্রাইমারি স্কুলে শিক্ষক নিয়োগ বরিশালে প্রতি শূন্যপদে প্রার্থী ১০৩

বরিশাল ব্যুরো

বরিশাল বিভাগের ৬ জেলার সরকারি প্রাথমিক বিদ্যালয়সমূহে ২৪৮টি শূন্য পদে সহকারী শিক্ষক-শিক্ষিকা নিয়োগের জন্য ২৫ হাজার ৫৫৭টি আবেদনপত্র জমা পড়েছে। প্রতিটি শূন্য পদে আবেদনকারীর সংখ্যা ১০৩ জন। উল্লিখিত শূন্য পদ পূরণের জন্য প্রাথমিক শিক্ষা অধিদফতর গত ২৬ এপ্রিল থেকে আবেদনপত্র আহ্বান করে। আবেদনের শেষ তারিখ ছিল ৭ জুন। সংশ্লিষ্ট সূত্র জানায়, বরগুনার ১৮টি শূন্য পদের জন্য আবেদন করেছে ২ হাজার ৯৬২ জন, পটুয়াখালীর ৪৫টি শূন্য পদে ৪ হাজার ৮২ জন, পিরোজপুরের ২৭টি শূন্য পদে ৪ হাজার ৮০০ জন, ঝালকাঠির ৩১টি শূন্য পদে ২ হাজার ৫৪১ জন, ভোলার ১৫টি শূন্য পদে আবেদন করেছেন ২ হাজার ৯৯৬ জন এবং বরিশালের ১১২টি শূন্য পদে আবেদন করেছেন ৭ হাজার ৯৪৬ জন প্রার্থী। সূত্র জানায়, মোট আবেদনকারীর মধ্যে ১৮ হাজার ৩৮ জন মহিলা এবং ৭ হাজার ৫১৯ জন পুরুষ।

**প্রাইমারি স্কুলে চুরি**

শহরের কালুশাহ্ সড়কের আলেকান্দা সরকারি প্রাথমিক বিদ্যালয়ে শুক্রবার রাতে চুরি হয়েছে। দুর্বৃত্তরা বিদ্যালয়ের কলাপসিবল গেটের ২টি তালা ভেঙে ভেতরে ঢুকে ৬টি সিলিং ফ্যান ও পিতলের ঘণ্টা নিয়ে যায়। ওই বিদ্যালয়ের প্রধান শিক্ষিকা কোতোয়ালি থানায় জিডি করেছেন।